

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা -১২১৬
www.dpe.gov.bd

স্মারক নম্বর : ৩৮.০১.০০০০.৮০১.০৩.০২৩.১৯/ ৩৬৬

তারিখ : ০৮ জ্যৈষ্ঠ ১৪২৬ বঙ্গাব্দ
২২ মে ২০১৯ খ্রি.

বিষয় : বার্ষিক প্রাথমিক বিদ্যালয় শুমারি-২০১৯ এর তথ্য সংগ্রহের নিমিত্ত অনলাইন এপিএসসি সফটওয়্যারে সময়মতো সকল ক্যাটাগরির প্রাথমিক বিদ্যালয়ের ডাটা এন্ট্রির নির্দেশনা।


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বার্ষিক প্রাথমিক বিদ্যালয় শুমারি (এপিএসসি)-২০১৯ এর তথ্য সংগ্রহের নিমিত্ত ফরম ও অনলাইন সফটওয়্যার প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে ইতোমধ্যে আপলোড করা হয়েছে। বার্ষিক প্রাথমিক বিদ্যালয় শুমারি-২০১৯ এর তথ্য সংগ্রহে Online সফটওয়্যারে ডাটা এন্ট্রি করতে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করতে হবে :

- ক) Mozilla Firefox, Opera, Google Chrome এ জাতীয় যে কোনো Web Browser ব্যবহার করে Internet/MODEM/Wi-Fi সুবিধা রয়েছে এমন একটি কম্পিউটারে/ল্যাপটপের সাহায্যে www.dpe.gov.bd তে প্রবেশ করে 'অভ্যন্তরীণ ই সেবার' মধ্যে 'প্রাথমিক বিদ্যালয়ের ই-ব্যবস্থাপনায়' ক্লিক করলেই সরাসরি শুমারি তথ্য সংগ্রহ ফরমের সফটওয়্যার চলে আসবে অথবা http://myschool.eis.dpe.gov.bd এই ঠিকানায় প্রবেশপূর্বক বিদ্যালয় নিবন্ধন ও এন্ট্রি দেয়া যাবে।
- খ) প্রতি বিদ্যালয়ের জন্য ভিন্ন ভিন্ন কার্যকর/সচল ই-মেইল আইডি থাকা বাঞ্ছনীয় তবে যে কোনো একটি ই-মেইল আইডি ব্যবহার করে সহজেই একাধিক বিদ্যালয় নিবন্ধন ও সফটওয়্যারে ডাটা এন্ট্রি দেয়া যাবে।
- গ) ই-মেইল আইডি খোলার সময় যে পাসওয়ার্ড ব্যবহার করেছেন বিদ্যালয় নিবন্ধনের জন্য সেটি ব্যবহার না করে ভিন্ন পাসওয়ার্ড ব্যবহার করা আবশ্যিক। পাসওয়ার্ড (৬-১৫) ডিজিটের মধ্যে ব্যবহার করা বাঞ্ছনীয়।
- ঘ) ই-মেইল আইডি নিবন্ধন করার সময় সফটওয়্যারে প্রদর্শিত **Capcha Code** সহজে বোধগম্য না হলে **Refresh** দিয়ে **Capcha Code** পরিবর্তন করে নিতে হবে এবং **Capcha Code** একাধিক হলে প্রথমটির পর Space দিয়ে দ্বিতীয়টি এন্ট্রি করতে হবে।
- ঙ) ই-মেইল আইডি নিবন্ধন করার পর - বিদ্যালয় নিবন্ধন করতে হবে। বিদ্যালয় নিবন্ধন নিম্নোক্ত দুইভাবে করা যায় :
 - ক) বিদ্যালয়ের বেসিক/জেনারেল তথ্য পূরণ করে ও GO (Geographical Order) কোড ব্যবহার করে ; যেমন- বিভাগ, জেলা, উপজেলা, ক্লাস্টার নির্বাচন করে;
 - খ) EMIS কোড ও ধরন কোড ব্যবহার করে।
- চ) বিদ্যালয় নিবন্ধন সম্পন্নপূর্বক সংশ্লিষ্ট বিদ্যালয়ের তথ্য উপজেলা শিক্ষা অফিস থেকে প্রেরিত/ডাউনলোডকৃত ফরমের হার্ডকপি পূরণপূর্বক- অনলাইন সফটওয়্যারে এন্ট্রি দেয়া যাবে।
- ছ) ১০০% সবুজ রং হলেই বুঝতে হবে আপনার বিদ্যালয়ের তথ্য যথাযথভাবে এন্ট্রিকরণ সম্পন্ন হয়েছে। ১০০% পূরণকৃত ছক ডাউনলোডপূর্বক ১০ ডিজিটের বারকোডসহ Save করতে হবে।
- জ) এইউইও/এটিইওগণ ১০০% এন্ট্রিকৃত বিদ্যালয়সমূহের তথ্য যাচাইপূর্বক (বিদ্যালয়ের নাম, EMIS কোড, ধরন কোড, পিডিএফ বার কোডসহ) তালিকা করে লিখিতভাবে উপজেলা শিক্ষা অফিসার বরাবরে প্রেরণ করবেন।

ঝ) উপজেলা/থানা শিক্ষা অফিসারকে, উপজেলাধীন User ID ও Password ব্যবহার করে বিদ্যালয়সমূহের তথ্য নমুনাভিত্তিক যাচাইপূর্বক যত দ্রুত সম্ভব অনুমোদন করতে হবে।

ঞ) কোনো বিদ্যালয় উপজেলা শিক্ষা অফিসার কর্তৃক অনুমোদন দেওয়ার পর ঐ বিদ্যালয়ের আর কোনো তথ্য এবছর পরিমার্জন/সংশোধন/সংযোজন করার সুযোগ থাকবে না- ফলে চূড়ান্ত অনুমোদন দেওয়ার পূর্বে প্রতিটি বিদ্যালয়ের তথ্য যাচাই-বাছাই করা আবশ্যিক।

২। বর্ণিত নির্দেশনাবলি অনুসরণপূর্বক সকল ক্যাটাগরির প্রাথমিক বিদ্যালয়ের তথ্য এপিএসসি অনলাইন সফটওয়্যারে ডাটা এন্ট্রি ও অনুমোদন আবশ্যিকভাবে ৩০ জুন ২০১৯ তারিখের মধ্যে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।



মোঃ ইমতিয়াজ হোসেন

উপপরিচালক (পরিবীক্ষণ ও মূল্যায়ন)
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।

প্রাপক :

উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল),

অনুলিপি : সদয় অবগতির জন্য

১. পরিচালক (পরিবীক্ষণ ও মূল্যায়ন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর;
২. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, (সকল), বিভাগ;
৩. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল), জেলা;
৪. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ঢাকা-১২১৬;
৫. সংরক্ষণ নথি।